

# যুগান্তর

## গুরুদাসপুরে এসএসসি ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়

গুরুদাসপুর (নাটোর) প্রতিনিধি

১৯ এপ্রিল ২০২১, ০০:০০:০০ | প্রিন্ট সংস্করণ

সরকারি বিধি অনুসরণ না করে বিধিবহীভূতভাবে নাটোরের গুরুদাসপুরের পোয়ালশুড়া পাটপাড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। অতিরিক্ত ফি গুনতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে অভিভাবকদের।

সরকারি বিধি মোতাবেক বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের ফরম পূরণ বাবদ মোট ফি ১ হাজার ৯৭০ টাকা, ব্যবসায় শিক্ষা এবং মানবিক বিভাগের পরীক্ষার্থীদের ফি ১ হাজার ৮৫০ টাকা নির্ধারিত। পরীক্ষার্থীদের বেতন ও সেশন চার্জ গত বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত পরিশোধ করতে বলা হয়েছে। কোনো ভাবেই ২০২১ সালের বেতন বা সেশন চার্জ নেওয়া যাবে না।

অথচ ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নির্দেশনা অনুসারে সবার কাছ থেকে নেওয়া হচ্ছে ২ হাজার ৪০০ টাকা। কোনো ভাবেই ২০২১ সালের বেতন বা সেশন চার্জ নেওয়া যাবে না বলে নির্দেশ থাকলেও কেন্দ্র ফি ও বিবিধ ফি নামে ২ হাজার এবং বেতন ও সেশন ফির নামে ৪০০ টাকা নেওয়া হয়েছে।

সরেজমিন গেলে নাম প্রকাশ না করার শর্তে অন্তত ১০ জন অভিভাবক বলেন, তাদের ছেলে-মেয়ে পড়ালেখা করে তাই বলতে পারেন না। করোনা দুর্ঘাগের এই সময়ে অতি কষ্টে ছেলে-মেয়ে নিয়ে দিনাতিপাত করছেন তারা। এর ওপর আবার অতিরিক্ত ফি দিতে হচ্ছে। এসব অনিয়ম-দুর্বীতির কথা বলব কোথায় আর তা দেখবেনই বা কে?

এসএসসি এক পরীক্ষার্থী জানায়, তার ভাই দীর্ঘদিন ধরে ভীষণ অসুস্থ। সংসার চলে না। বাবার সঙ্গে মাঠে কামলা দিয়ে ভাইয়ের চিকিৎসা ও কোনোমতে সংসার চলে। তার ফরম পূরণের জন্য তার বাবাকে ঝণ করতে হয়েছে। বলতে বলতে ছেলেটি হাউমাউ করে কেঁদে ফেলে। হেড স্যারের কাছে তার পিতা কম নেওয়ার কথা বলতেই তিনি গালমন্দ করে বলেন-সব কাজ চলে, ক্ষুলে এলেই টাকা থাকে না।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল আলিম যুগান্তরকে বলেন, বিদ্যালয় চালাতে গেলে কিছু টাকার প্রয়োজন হয়। যার কারণে কিছু অতিরিক্ত টাকা নেওয়া হয়েছে। এ বিষয়ে জানতে

নেওয়ার কোনো সুযোগ নেই। করোনা দুর্যোগের সময় এটা ঠিক হ্যানি। সেশন ও বেতন বন্ধ আছে। নিয়ে থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2022